

💵 আর-রাহীকুল মাখতূম

विভাগ/অধ্যায়ঃ খায়বার ও ওয়াদিল কুরা যুদ্ধ (মুহাররম, ٩ম হিজরী) ٧ غَزْوَةُ خَيْبَرَ وَوَادِيْ الْقُرٰي (في المحرم سنة ٥)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

যুবাইর দূর্গ বিজয় (فَتْحُ قِلْعَةِ الزُّبَيْرِ):

মুসলিমগণ কর্তৃক নায়িম এবং সা'ব দূর্গ বিজয়ের পর নাযাত এর দূর্গসমূহ থেকে বাহির হয়ে ইহুদীগণ যুবাইর দূর্গে একত্রিত হল। এটি ছিল পর্বতের উঁচু চূড়ায় অবস্থিত একটি সুসংরক্ষিত দূর্গ। সেখানে যাওয়ার পথ ছিল এতই দুর্গম এবং কস্টকর যে ঘোড়সওয়ার তো নয়ই, পদাতিক বাহিনীর পক্ষেও তা ছিল একটি দুঃসাধ্য ব্যাপার। এ জন্য রাসূলুল্লাহ্ (ﷺ) নির্দেশ দিলেন এর চতুর্দিকে অবরোধ সৃষ্টি করতে। তিন দিন পর্যন্ত এ অবরোধ অব্যাহত থাকল। এরপর একজন ইহুদী এসে বলল, 'হে আবুল কাসেম! আপনি যদি এক মাস পর্যন্ত এ অবরোধ অব্যাহত রাখেন তবুও তাদের কোন ভয় থাকবে না। তবে সেখানে তাদের পানীয় পানির সমস্যা রয়েছে। কারণ পানির ঝরণা রয়েছে নীচে জমিনে। রাতের বেলা এরা দূর্গ থেকে বেরিয়ে এসে পানি পান করে এবং সংগ্রহ করে নিয়ে দূর্গে ফিরে যায়। কাজেই আপনার আক্রমণ থেকে তারা নিরাপদেই থাকছে। যদি আপনি তাদের পানি বন্ধ করে দেন, তাহলে তারা আত্মসমর্পণ করতে বাধ্য হবে।' এ কথা জানার পর নাবী কারীম (ﷺ) তাদের পানি বন্ধ করে দিলেন। এ অবস্থার প্রেক্ষাপটে ইহুদীগণ দূর্গের বাইরে বেরিয়ে এসে রক্তক্ষয়ী সংঘর্ষে লিপ্ত হয়। এ সংঘর্ষে কয়েকজন মুসলিম শহীদ হন এবং আনুমানিক দশ জন ইহুদী নিহত হয়। দূর্গ মুসলিমগণের দখলে এসে যায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6346

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন